দৈনিক জনকণ্ঠ

তারিখ 26 FEB 2003

# গত ৭ বছরে ছাত্রের অভাবে সারা দেশে ৩৯ সরকারী ও ৪৬ বেসরকারী প্রাইমারী স্কুল বন্ধ হয়ে গেছে!

সংসদ রিপোর্টার ॥ শিক্ষা নিয়ে বহু বছর ধরে দেশে ব্যাপক তৎপরতা চললেও গত কয়েক বছরে ছাত্রের অভাবে অনেক স্কুল বন্ধ হয়ে যাবার ঘটনাও ঘটেছে। সংসদের কাছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন এই চাঞ্চল্যকর তথ্য দিয়েছেন। সোমবার সংসদে জাতীয় পার্টির জিএম কাদেরের এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, গত ৭ বছরে ছাত্রের অভাবে সারা দেশে ৩৯টি সরকারী ও ৪৬টি বেসরকারী প্রাইমারী স্কুল বন্ধ হয়ে গেছে। এ ধরনের সরকারী স্কুলগুলোর মধ্যে খোদ রাজধানীরই ২৮টি স্কুল রয়েছে। বিএনপির আলমগীর হায়দার খানের অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, শিক্ষার্থী সঙ্কটসহ নানা কারণে বন্ধ করে দেয়া ঢাকার এ স্কুলগুলোর শিক্ষক ও শিক্ষার্থীদের অন্যত্র সমন্বয় করা হয়েছে। এ সংক্রান্ত একাধিক সম্পূরক প্রশ্নের জবাবে মন্ত্রী দাবি করেন, বর্তমান সরকার যেসব পদক্ষেপ নিচ্ছে তাতে ভবিষ্যতে আর কোন স্কুল বন্ধ করে দিতে হবে না।

## সংসদে প্রশ্নোত্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের বেতন

আওয়ামী লীগের শামসুর রহমান শরীফের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক সংসদকে জানান, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রদের বেতনের ক্ষেত্রে বিদ্যমান বৈষম্য দূর ও সমন্বয় করার স্বার্থে বেতন ও ফীসমূহ যুক্তিসঙ্গত হারে নির্ধারণের কথা বিবেচনা করা হচ্ছে। আর বিএনপির মাহমুদুল হক রুবেলের এক প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, দেশের বেসরকারী হাই স্কুলগুলোকে সরকারীকরণের কোন পরিকল্পনা আপাতত নেই।